

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.৩৬৩.০২৭.০০.০০.৬২২.১৬-৪০৩

তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ “৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন”
শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন যন্ত্রপাতি সরবরাহের কার্যক্রম ডিপিএম (DPM) পদ্ধতিতে সরাসরি বাংলাদেশ
নৌবাহিনীর নিয়ন্ত্রণাধীন ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ বন্দর, নারায়ণগঞ্জ-কে কার্যাদেশ প্রদান বিষয়ে
মতামত।


সূত্রঃ ৪৯.০০.০০০০.১৪০.০১.০০২.১৬-৪৮৫; তারিখঃ ১০/০৯/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিবেচ্য ক্ষেত্রে ডিপিপিতে
সার্বিক ক্রয় পরিকল্পনা একাধিক পদ্ধতির উল্লেখ থাকায় ক্রয়গুলি প্রক্রিয়াকরণের পদ্ধতি সুনির্দিষ্ট হয়নি যা পিপিএ, ২০০৬
এর ধারা-১১ এর ব্যত্যয়। ক্রয় পদ্ধতি নির্বাচনের বিষয়ে পিপিআর, ২০০৮ এর বিধি-১৬ অনুসরণপূর্বক বার্ষিক ক্রয়
পরিকল্পনার নির্ধারিত ফরমেটে সুনির্দিষ্ট পদ্ধতি উল্লেখ করে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার
অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে বিবেচ্য ক্রয়ে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে ক্রয়কারী পিপিএ, ২০০৬ এর ধারা
৩২(১)(খ), পিপিআর, ২০০৮ এর বিধি-৭৪ ও ৭৬(১)(ছ) (সংশোধিত) অনুসরণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে
পারে। উল্লেখ্য, সরাসরি সরকারি প্রতিষ্ঠান থেকে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকারি মালিকানাধীন শিল্প ও
কারখানায় বিবেচ্য পণ্য সংযোজিত ও উৎপাদিত হওয়ার শর্ত রয়েছে। অন্যথায়, পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬(১)(ছ)
(সংশোধিত) এর শর্তের লংঘন হবে।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ-সহকারী সচিব, পরিকল্পনা শাখা-১)


২৫/১০/১৭
(মোসাম্ম মোসুমী হাযিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১১৬

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা
নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।